দৈনিক ইনকিলাব

তারিখ ... MAY 1 1 1999 ...
পৃষ্ঠা: ০২ কলাম · ৫ .....

492

## ঢাকা বিশ্বঃ রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি নির্বাচন

# গণতান্ত্রিক ঐক্যপরিষদ প্রার্থীদের বিজয়ী করার আহবান

**স্টাফ রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয়কে একটি অগ্রসরমান প্রতিষ্ঠানে পরিণত করার লক্ষ্যে সিনেটে রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি নির্বাচনে গণতান্ত্রিক ঐক্যপরিষদের প্রার্থীদের বিজয়ী করার আহবান জানানো হয়েছে। গতকাল (সোমবার) বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত ঐক্যপরিষদের প্যানেল পরিচিতি অনুষ্ঠানে বক্তৃতাকালে বিচারপতি কে এম সোবহান এ আহবান জানান। তিনি বলেন, বিগত সময়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনেক উন্নতি যেমনি হয়েছে, তেমনি অনেক অবনতি হয়েছে। ছাত্র মহলের সন্ত্রাস ও নকল প্রবণতার বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে অসাম্প্রদায়িক ও মুক্তিযুদ্ধের পক্ষের পরিবেশ প্রতিষ্ঠার আহবান জানান।

প্রার্থী পরিচিতি সভায় উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর আমিনুল ইসলাম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রফেসর শামসুল হুদা হারুন, রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রার্থী এডভোকেট সৈয়দ আহমদ, প্রকৌশল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাবেক সভাপতি প্রফেসর আমিনুল হক, ঢাকা আইনজীবী সমিতির সাবেক সাধারণ সম্পাদক নূরুল ইসলামসহ রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রার্থী ও প্রতিনিধিরা বক্তব্য রাখেন।

বক্তাগণ বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ ফোরাম সিনেটে ২৫ জন রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি নির্বাচন অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ ঢাকা বিশ্ববিদ্যালয়ে যে কোন নির্বাচনের ফলাফল জাতীয় রাজনীতিতে প্রভাব ফেলে। জাতীয় নির্বাচনকে সামনে রেখে তারা সিনেট নির্বাচনে বিজয়ের উপর গুরুত্বারোপ করেন। তারা বলেন, পরিস্থিতির অনেক উন্নতি হওয়া সত্ত্বেও এখনও ঢাকা বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস হচ্ছে, দুর্নীতি হচ্ছে। এটা বন্ধ করতে বাঙ্গালী জাতীয়তাবাদ ও মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসীদের ভূমিকা রাখতে হবে। সভায় প্রফেসর শামসুল হুদা হারুনকে চেয়ারম্যান ও এডভোকেট সৈয়দ আহমদকে আহবায়ক করে সিনেট নির্বাচন পরিচালনার জন্য একটি স্টিয়ারিং কমিটি এবং ৫০১ সদস্যের একটি নির্বাচন পরিচালনা কমিটি গঠন করা হয়।

সিনেটে রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি নির্বাচনে গণতান্ত্রিক ঐক্যপরিষদের প্রার্থীরা হলেন ঃ এডভোকেট সৈয়দ আহমদ, ডঃ ম আখতারুজ্জামান, ডঃ রঙ্গলাল সেন, সৈয়দ বদরুদ্দীন হোসাইন, প্রফেসর আবদুল মান্নান চৌধুরী, ডঃ সৈয়দ মোদাচ্ছের আলী, ডঃ হারুন অর রশিদ, ডঃ মোঃ আনোয়ার হোসেন, ডঃ কাজী ফারুক, রামেন্দু মজুমদার, শামসুজ্জামান খান, এডভোকেট এমডি আবদুস সালাম তালুকদার, প্রফেসর মাহফুজা খানম, নীলুফার বেগম, আবুল কালাম আজাদ, প্রকৌশলী শামসুল হক ভূঁইয়া, এডভোকেট এ এফ এম মেজবাহ উদ্দিন, ইসমত কাদির গামা, বাহালুল মজনুন চুন্নু, হাবিবুর রহমান খান, অহিদুজ্জামান চান, বেগম খালেদা হাবিব, লায়লা নার্গিস, গোলাম কুদ্দুস ও মোঃ আফজাল হোসেন।